


উপজেলা সমবায় কার্যালয়,গাংনী,মেহেরপুর এর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ (রাজস্ব) এর সেপ্টেম্বর- ২০২১খ্রি. মাসের প্রতিবেদন।

প্রশিক্ষণের তারিখ: ২৮/০৯/২০২১ খ্রি:।

ক্রঃ নং	অতিথি বক্তার নাম ও পদবী	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণের বিবরণী	উপস্থিত সমবায় সমিতির সদস্য সংখ্যা
০১	০২	০৩	০৪	০৫
০১	জনাব মৌসুমী খানম, উপজেলা নির্বাহী অফিসার গাংনী,মেহেরপুর।	সরকারের এসডিজি অর্জন সমবায়ীদের ভূমিকা ও নারীর ক্ষমতায়ন বিষয়ক আলোচনা।	জনাব মৌসুমী খানম, উপজেলা নির্বাহী অফিসার, গাংনী,মেহেরপুর। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ে আলোচনায় বলেন যে, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে সমবায় ভিত্তিক কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। দারিদ্র নিরসন ও কর্মসংস্থান সৃষ্টিতে সমবায় সমিতি গুলো দীর্ঘদিন ধরে ভূমিকা রেখে আসছে। নারীর ক্ষমতায়ন বিষয়ে আলোচনায় বলেন যে, নারী ও পুরুষের সম্মিলিত প্রচেষ্টা ছাড়া দেশকে এগিয়ে নেওয়া সম্ভব নয়। তাই নারীদেরকে বিভিন্ন উন্নয়ন ও উৎপাদন মুখী কর্মকাণ্ডে অংশ গ্রহনের মাধ্যমে নিজেদের ভাগ্যের উন্নয়ন ঘটাতে হবে। পাশাপাশি সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন বৃদ্ধির যোর প্রচেষ্টা চালাতে হবে। যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধের পরামর্শ প্রদান করেন।	০১.গাংনী ভোগ্যপণ্য সঃ সঃ লিঃ এর ০৩জন। ০২. মৌচাক সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ এর ০৪জন। ০৩. গাড়াডোব সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ এর ০৩জন। ০৪.প্রতিবেশী সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ এর ০৩জন। ০৫.মহাকান্তপুর ক্ষুদ্র ব্যবসায়ী সঃ সঃ লিঃ এর ০৩জন। ০৬.আমতৈল সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ এর ০৩জন। ০৭.শিমুলতলা সার্বিক গ্রাম উন্নয়ন সঃ সঃ লিঃ এর ০২জন। ০৮.গাংনী উপজেলা সেচ ও কৃষি উন্নয়ন সঃ সঃ লিঃ এর ০৪জন।
০২	জনাব মোছা: লাভলী খাতুন, উপজেলা কৃষি অফিসার, গাংনী,মেহেরপুর।	কৃষি সম্পদ বিষয়ে বিস্তারিত বর্ণনা সফলতার কৌশল এবং খামার তৈরীর কর্মকৌশল বিষয়ে আলোচনা।	মোছা: লাভলী খাতুন, উপজেলা কৃষি কর্মকর্তা, গাংনী, মেহেরপুর। তিনি উপস্থিত সকল প্রশিক্ষণার্থীদের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। কৃষি সম্পদ বিষয়ে বিস্তারিত বর্ণনা সফলতার কৌশল এবং খামার তৈরীর কর্মকৌশল বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বীজ সংগ্রহের পদ্ধতি এবং খামার তৈরীর কর্মকৌশল বিষয়ে উপস্থিত প্রশিক্ষণার্থীদের মধ্যে আলোচনা করেন। তিনি কাটিভাঙ্গা আম এবং কাশ্মীর কুল চাষ কার জন্য উপস্থিত প্রশিক্ষণার্থীদের পরামর্শ প্রদান করেন। এছাড়াও বসতবাড়ির আঙ্গিনায় বিভিন্ন ধরনের শাকসবজী উৎপাদনের মাধ্যমে পরিবারের চাহিদা মেটানো সম্ভব। সঠিক মাত্রাই সার ও কিটনাশক প্রয়োগের ক্ষেত্রে উপজেলা কৃষি কর্মকর্তার সহযোগিতা নেওয়ার জন্য অনুরোধ করেন।	
০৩	সৈয়দ জসীম উদ্দিন,জেলা সমবায় অফিসার (ভাঃ প্রাঃ) মেহেরপুর।	সমবায় সমিতির মূলধন গঠন ও বিনিয়োগ, সমবায় সমিতির রেকর্ড সংরক্ষণ,হিসাব বিবরণী প্রস্তুত করণ ও অডিট সম্পাদনে সমিতি কর্তৃপক্ষের দায়িত্ব বিষয়ে আলোচনা।	জনাব সৈয়দ জসীম উদ্দিন,জেলা সমবায় অফিসার (ভাঃ প্রাঃ),মেহেরপুর। তিনি উপস্থিত সকল প্রশিক্ষণার্থীদের সমবায়ী শুভেচ্ছা ও পরিচয় পর্বের মাধ্যমে বক্তব্য শুরু করেন। তিনি সমবায় সমিতির মূলধন গঠন ও বিনিয়োগের বিষয়ে সমবায় সমিতি আইন/২০০১ ও সংশোধনী ২০০২ ও ২০১৩ এবং সমবায় বিধিমালা ২০০৪ এর আলোকে বিষাদভাবে আলোচনা করেন। সমিতির রেকর্ড সংরক্ষণ, হিসাব বিবরণী প্রস্তুত করণ ও অডিট সম্পাদনে সমিতির কর্তৃপক্ষের দায়িত্ব বিষয়ে বিস্তারিত ভাবে আলোকপাত করেন এবং হিসাব সংরক্ষণের একটি নমুনা উপস্থিত প্রশিক্ষণার্থীদের মধ্যে সরবরাহ করেন। এছাড়াও উপস্থিত প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন এবং সফল সমবায় সমিতির তথ্য চিত্র প্রদর্শন করা হয়।	

প্রশিক্ষণে, জনাব মোঃ মাহবুবুল হক, উপজেলা সমবায় অফিসার, গাংনী, মেহেরপুর, মোহাঃ নুরুজ্জামান, প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, মেহেরপুর ও মোঃ রোকনুজ্জামান, সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, মেহেরপুর প্রশিক্ষণ মডিউল মোতাবেক সমবায় ব্যবস্থাপনা বিষয়ে বক্তব্য রাখেন। প্রশিক্ষণ কালীন সময়ে সমবায় বিষয়ক ডকুমেন্টারি প্রজেক্টের প্রদর্শন করা হয়। দুপুরের খাবার পরিবেশন ও পরিশেষে সমবায়ীদের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়। পরিশেষে জনাব মোঃ মাহবুবুল হক, উপজেলা সমবায় অফিসার, গাংনী, মেহেরপুর সকলকে ধন্যবাদ জানিয়ে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



২৯/০৯/২০২১

(মো. মাহবুবুল হক)

উপজেলা সমবায় অফিসার

গাংনী, মেহেরপুর।

☎ ০৭৯২২-৭৫৩৮৪